

শিক্ষা সংবাদ

বিইউএফটির সঙ্গে জার্মানির শিক্ষাবিষয়ক সমঝোতা চুক্তি

বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন অ্যান্ড টেকনোলজির (বিইউএফটি) ট্রাস্টি বোর্ডের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মোজাফফর উদ্দিন সিদ্দিকের নেতৃত্বে একটি উচ্চপদস্থ প্রতিনিধি



দল গত ২৪ থেকে ২৮ এপ্রিল সেক্সশান ইউনিভার্সিটি অব অ্যাপ্লাইড সায়েন্স ও নাইনরড বিজনেস ইউনিভার্সিটি, নেদারল্যান্ড এবং নেদারাইন ইউনিভার্সিটি অব অ্যাপ্লায়েড সায়েন্স, জার্মানির সঙ্গে শিক্ষাবিষয়ক সমঝোতা চুক্তি স্বাক্ষরের উদ্দেশ্যে উভয় দেশে অবস্থান করেন। উভয় দেশের প্রতিনিধিদের পারস্পরিক বৈঠকে আরএমজি, ফ্যাশন এবং টেক্সটাইল বিষয়ে মান উন্নয়নে একটি পারস্পরিক

শিক্ষাবিষয়ক সমঝোতা চুক্তি গৃহীত হয়। এই চুক্তির ধারাবাহিকতায় আগামী সেপ্টেম্বরে বিইউএফটির চারজন শিক্ষার্থী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এবং টেক্সটাইল টেকনোলজি ম্যানেজমেন্ট বিষয়ে উচ্চতর শিক্ষার উদ্দেশ্যে সেক্সশান ইউনিভার্সিটি অব অ্যাপ্লাইড সায়েন্স, নেদারল্যান্ডস যাবে।